শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.sau.edu.bd

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ-২০১২

স্মারক নং ঃ শেকৃবি/ডিআর (এ)/৩(২৩)/১১ তারিখ: ১৯-০৯-২০১১

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১২ শিক্ষাবর্ষে বি.এসসি.এজি. (অনার্স), বি.এসসি. এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট (অনার্স) ও বি.এসসি. ভেট. সায়েন্স এন্ড এ.এইচ. কোর্সের লেভেল-১, সেমিস্টার-১ এ ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য টেলিটক মোবাইল ফোনে SMS এর মাধ্যমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের সময়সীমা ২৮-০৯-২০১১ থেকে ১০-১১-২০১১ তারিখ পর্যন্ত।

আবেদনের ন্যূনতম যোগ্যতা :

০১. বিজ্ঞান গ্রুপে ২০০৮ বা ২০০৯ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০২. ২০১০ বা ২০১১ সালের উচ্চ মাধ্যমিক সর্টিফিকেট (HSC) বা সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম জিপি ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।

০৩. SSC/সমমান ও HSC/সমমান এর প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।

০৪. SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষায় আলাদাভাবে ইংরেজিতে ন্যূনতম জিপি ৩.০০ থাকতে হবে।

০৫. GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে 'O' লেভেল পরীক্ষায় ৫টি পেপারে ন্যূনতম B গ্রেড এবং 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

আবেদনের নিয়মাবলী :

০১. একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে SAU লিখে, স্পেস দিয়ে HSC/সমমান পাশের শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC/সমমান পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC/সমমান পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC/সমমান পাশের শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC/সমমান পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC/সমমান পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে। উদাহরণ: SAU DHA 123456 2011 JES 654321 2009 (উদাহরণটি ঢাকা বোর্ড থেকে ২০১১ সালে HSC এবং যশোর বোর্ড থেকে ২০০৯ সালে SSC পাশকৃত প্রার্থীর জন্য)। এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর নিজের HSC/সমমান পরীক্ষার রোল নম্বর এবং 654321 এর জায়গায় SSC/সমমান পরীক্ষার রোল নম্বর দিতে হবে। ২০১০ সালে HSC/সমমান পাশ করলে 2011 এর জায়গায় 2010 এবং ২০০৮ সালে SSC/সমমান পাশ করলে 2009 এর জায়গায় 2008 লিখতে হবে। ঢাকা বোর্ড থেকে পাশ করলে DHA, অন্যান্য বোর্ড যথা সিলেট, বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, দিনাজপুর, যশোর, রাজশাহী, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে DHA এর জায়গায় যথাক্রমে SYL, BAR, CHI, COM, DIN, JES, RAJ, VOC ও MAD লিখতে হবে।

০২. উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে প্রার্থীর সম্মতি চাওয়া হবে। তখন প্রার্থীকে 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে SAU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল ফোন নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে। উদাহরণ: SAU YES 987654 01XXXXXXXXX। এখানে 987654 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN টি এবং 01XXXXXXXXX এর জায়গায় আবেদনকারীর নিজ মোবাইল ফোন নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর টেলিটক মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কেটে নেয়া হবে, অন্যথায় কোন টাকা কাটা হবে না।

০৩. সম্মতি জানানোর সময় সংশ্লিষ্ট টেলিটক মোবাইল ফোনে কমপক্ষে ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা ব্যালেন্স থাকতে হবে যা থেকে ভর্তি পরীক্ষার ফি ও সার্ভিস চার্জ কেটে নিয়ে SMS এর মাধ্যমে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। রোল নম্বরটি কাগজে লিখে সংরক্ষণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার সময় সদ্য তোলা ০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবির পিছনে রোল নম্বরটি লিখে নিয়ে আসতে হবে।

০৪. একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক প্রার্থী আবেদন করতে পারবে। আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে। দিন-রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে। একবার SMS করে আবেদন করলে তা প্রত্যাহার করার সুযোগ নেই। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন ভর্তির আবেদন গ্রহণ করা হবে না।

০৫. 'O' এবং 'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিজে এসে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট থেকে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রদান করে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে জমা দিলে ভর্তি পরীক্ষার রোল নম্বর প্রদান করা হবে।

ভর্তি পরীক্ষা :

০১. এই বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদে ভর্তির জন্য একটিই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনুষদ পছন্দের অনুক্রম ভর্তি পরীক্ষার সময় গ্রহণ করা হবে। বিভিন্ন অনুষদে আসন সংখ্যা নিম্নরূপ: কৃষি - ৩৫০, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট - ১০০, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরেনারী মেডিসিন - ৫০।

০২. সাধারণ জ্ঞান, ইংরেজি এবং উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়গুলোর উপর MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৩. গ্রেডিং পদ্ধতিতে SSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং HSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর লিখিত পরীক্ষার ১০০ নম্বরের সাথে যোগ করে মোট ২০০ নম্বরের উপর মেধা তালিকা পস্তুত করা হবে।

০৪. মুক্তিযোদ্ধা, উপজাতি, আদিবাসী ও ওয়ার্ড (পোষ্য) কোটায় ভর্তির জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এতদ্সংক্রান্ত বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকবে। কোটায় ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ছাড়াও প্রার্থীকে অবশ্যই ভর্তির লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর পেতে হবে। কোটা সম্পর্কিত তথ্য ভর্তি পরীক্ষার সময় গ্রহণ করা হবে।

০৫. লিখিত পরীক্ষা আগামী ২৫ শে নভেম্বর ২০১১, শুক্রবার সকাল ১০-০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রের নাম যথাসময়ে SMS এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। বর্ণিত সময়সূচীর কোন পরিবর্তন হলে তাও যথাসময়ে জানিয়ে দেওয়া হবে।

গুরুত্বপূর্ণ তারিখসমূহ :

SMS এর মাধ্যমে আবেদন	২৮-০৯-২০১১ থেকে ১০-১১-২০১১ তারিখ রাত্র ১২-০০টা পর্যন্ত
GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃতদের আবেদন	২৮-০৯-২০১১ থেকে ০১-১১-২০১১ তারিখ পর্যন্ত ছুটির দিন বাদে এবং শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে
ভর্তি পরীক্ষা	২৫-১১-২০১১ তারিখ, শুক্রবার, সকাল ১০-০০টা
ফল প্রকাশ	৩০-১১-২০১১ তারিখ
মূল মেধা তালিকা থেকে ভর্তি	৪ ও ৫ ডিসেম্বর, ২০১১ অফিস চলাকালীন সময়ে
অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তিচ্ছু প্রার্থীদের প্রবেশপত্র জমা ও ফল প্রকাশ	০৭-১২-২০১১ বিকাল ২-০০ টার মধ্যে রেজিস্ট্রার অফিসে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তিচ্ছু প্রার্থীদের প্রবেশপত্র জমা দিতে হবে এবং একই দিন মেধাক্রম অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে
অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি	০৮-১২-২০১১ অফিস চলাকালীন সময়ে
ওরিয়েন্টেশন	০২-০১-২০১২ তারিখ সকাল ১১-০০ টায় বিশ্ববিদ্যালয় মিলনায়তনে
ক্লাশ শুরু	০৩-০১-২০১২ তারিখ

ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে :

০১. শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট

০২. শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল গ্রেডসীট

০৩. সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি

০৪. মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র

০৫. ওয়ার্ড (পোষ্য) কোটার ক্ষেত্রে শেরেবাংলা কৃষিবিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র

০৬. উপজাতি/আদিবাসী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর সনদপত্র

০৭. এই বিশ্ববিদ্যালয়ের মেডিকেল অফিসারের নিকট থেকে শারীরিক সুস্থতার সন্তোষজনক সনদপত্র

অন্যান্য লক্ষণীয় বিষয় :

(১) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ কর্তৃক অবগত হওয়া মাত্রই বাতিল হয়ে যাবে।

(২) ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে কোন প্রকার যাতায়াত ভাতা দেয়া হবে না।

(৩) আবাসিক হলে সিটের অপ্রতুলতা হেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সিট বরাদ্দের আপাতত কোন সুযোগ নেই। আবাসিক হলে সিট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

(৪) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোহাম্মদ আলী)
রেজিস্ট্রার
ও
সদস্য সচিব
ভর্তি কমিটি-২০১২
ফোন: ৯১৩১১৬২